



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৭১.২০২০.২৭৮

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২০

বিষয়: ২০২২-২৩ অর্থ বছরে ময়মনসিংহ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার অবকাঠামো উন্নয়ন ১ম সংশোধিত” শীর্ষক প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অর্থ ছাড়করণে সম্মতি প্রদান।

সূত্র: ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা-৪৬.২১.৬১০০.০৩৯.০০.০১৪.২৩-৬৪৯, তারিখ: ১২ এপ্রিল ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার অবকাঠামো উন্নয়ন ১ম সংশোধিত” শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড-২২৪৩০৯৪০০) অনুকূলে পরিকল্পনা কমিশনের শর্ত অনুযায়ী ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে প্রকল্পের অবশিষ্ট কাজ সমাপ্তির লক্ষ্যে বর্ণিত প্রকল্পটি ‘বি’ ক্যাটাগরিভুক্ত হওয়া সত্ত্বেও ১৫% সংরক্ষিত না রেখে চলমান ২০২২-২৩ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দকৃত ৪৬৮.০০ লক্ষ (চার কোটি আটষাট লক্ষ) (সম্পূর্ণ মূলধন) টাকা হতে ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অবশিষ্ট (৪৬৮.০০-১৭৫.৫০)=২৯২.৫০ লক্ষ (দুই কোটি বিরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়করণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অবশিষ্ট ২৯২.৫০ লক্ষ (দুই কোটি বিরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অবমুক্তিতে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি:

- ১) অনুমোদিত বিভাজন
- ২) অনুমোদিত নোটসিটের সত্যায়িত কপি
- ৩) অর্থ ছাড়ের প্রস্তাব সংলগ্নি-৪ ও সংলগ্নি-৫
- ৪) ব্যাংক হিসাববিবরণী



মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

সিনিয়র সচিব

অর্থ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, বাজেট-৪]

অনুলিপি:

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (জি.ও. টি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।